

ও বিএম

ইসলামী বিশ্ববিদ্যালয় সাবসিডি বাড়েনি, বেড়েছে মিল চার্জ ছাত্রদের ক্ষোভ গণস্বাক্ষর অভিযান

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চালের দাম বাড়ায় আবার বাড়লো ইসলামী বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রদের মিল চার্জ। এ নিয়ে গত দু'বছরে তিনবার খাবারের দাম বাড়লো। কিন্তু এবার মিল প্রতি বৃদ্ধি করা হয়েছে দুই থেকে তিন টাকা। খাবারের দাম বৃদ্ধিতে চরম বিপাকে পড়েছে সাধারণ ছাত্রছাত্রীরা। বিভিন্ন স্থানে সাবসিডি বাড়িয়ে খাবারের দাম কমানোর দাবিতে ইতিমধ্যেই গণস্বাক্ষর অভিযান শুরু করেছে শিক্ষার্থীরা। তারা অবিলম্বে সাবসিডি দিয়ে খাবারের দাম না কমলে বিভিন্ন কর্মসূচিসহ আন্দোলনে নামার হুমকি দিয়েছে।

জানা গেছে, ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাদাম হোসেন হলে ৪৭৫ জন আবাসিক ছাত্র থাকে। বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে প্রতি মাসে এ হলে সাবসিডি (আর্থিক উর্ধ্বীক) দেয়া হয় মাত্র ৮ হাজার টাকা। এ হিসাবে প্রতি মাসে ছাত্র প্রতি পড়ে প্রায় ১৬ টাকা আর প্রতিদিনে প্রায় ৫৬ পয়সা। এই হচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের জাইনিং

পরিসংখ্যান।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত সোমবার সাদাম হলে এক নোটিশ দিয়ে খাবারের দাম দুই থেকে তিন টাকা করে বাড়ানো হয়, যা গতকাল থেকে কার্যকর করা হয়েছে। সন্ধ্যার নাশতা ছয় থেকে আটা টাকার স্থলে এখন ১৪ টাকা, দুপুরের খাবার ১২ থেকে ১৫ টাকার স্থলে ১৮ টাকা নির্ধারণ করা হয়েছে।

বুধবার তারা গণস্বাক্ষর অভিযান শেষে ডিসি ও সব হল প্রভোস্টের কাছে এ দাবিতে স্মারকলিপি দিয়েছে। অবিলম্বে খাবারের দাম না কমলে শিক্ষার্থীরা বুধবার আন্দোলনের কর্মসূচি ঘোষণা করবে বলে জানা গেছে।

এ ব্যাপারে সাদাম হোসেন হলের প্রভোস্ট প্রফেসর ড. সেকেন্দার আলী বলেন, চালের দাম বৃদ্ধি পাওয়ায় মিলের দাম বাড়ানো হয়েছে। অন্যান্য দ্রব্যসামগ্রীর দাম কম থাকলেও শুধু চালের দাম বাড়ার কারণে কেন খাবারের দাম বাড়ানো হলো এ প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমরা হল প্রশাসনের